অধ্যায় ১১

বিভিন্ন পেশা

আলোচ্য বিষয়

- যাঁরা উৎপাদন করেন
- যাঁরা তৈরি করেন
- যাঁরা সেবা দেন।

অধ্যায়ের মূলকথা

আমরা সমাজে বসবাস করি। সমাজে জীবন ধারণের জন্য মানুষ বিভিন্ন পেশার সাথে জড়িত। যেমন– যাঁরা ফসল ফলান তাঁদের আমরা কৃষক বলি। যাঁরা নদীতে মাছ ধরে বাজারে বিক্রি করেন তাঁদের জেলে বলি। যাঁরা খামারে বিভিন্ন পশু-পাখি পালন করেন তাঁরা খামারি। যাঁরা মাটির হাঁড়ি-পাতিল তৈরি করেন তাঁরা কুমার। যাঁরা কাপড় সেলাই করেন তাঁরা দর্জি, যাঁরা তাঁতে কাপড় বোনেন তাঁরা তাঁতি, কাঠের আসবাব পত্র যাঁরা তৈরি করেন তাঁরা ছুতার, যাঁরা বিদ্যালয়ে শিক্ষাদান করেন তাঁরা শিক্ষক, যাঁরা রোগীর চিকিৎসা করেন তাঁরা ডাক্তার, দোকানে যাঁরা প্রয়োজনীয় জিনিসপত্র বিক্রয় করেন তাঁরা দোকানদার ইত্যাদি বিভিন্ন ধরনের পেশার মানুষ সমাজে বসবাস করেন। সমাজে সকল শ্রেণিপেশার মানুষকেই সমানভাবেই সম্মান করতে হয় এবং সকল পেশাকেও সমান উঁচুতে রাখতে হয় বা মর্যাদা দিতে হয়।

শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

- সমাজে বিভিন্ন পেশা সম্পর্কে জেনে সকল পেশার প্রতি শ্রদ্ধাশীল হওয়া।

অধ্যায়ের শিখনফল

- বিভিন্ন পেশা সম্পর্কে বলতে পারবে।
- বিভিন্ন পেশার কাজের বর্ণনা করতে পারবে।

ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি (একক ও দলীয় কাজ) বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

পাঠ ১ যাঁরা উৎপাদন করেন

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮৬

দলগত কাজ (ক) নিচের ছবিগুলো পর্যবেক্ষণ করে পাশের প্রশ্নগুলোর উত্তর খুঁজে বের করি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮৬

লোকগুলো কী করছেন?

তাঁদেরকে কী বলা হয়?

লোকগুলো কী করছেন?

তাঁদেরকে কী বলা হয়?



মহিলাটি কী করছেন?

তাঁদেরকে কী বলা হয়?

উত্তর :

লোকগুলো কী করছেন?
উত্তর : মাছ ধরছেন।

তাঁদেরকে কী বলা হয়?
উত্তর : জেলে।

লোকগুলো কী করছেন?
উত্তর : কৃষিকাজ।

তাঁদেরকে কী বলা হয়?
উত্তর : কৃষক।



মহিলাটি কী করছেন?
উত্তর : মুরগির খামারে খাবার দিচ্ছেন।

তাঁদেরকে কী বলা হয়?
উত্তর : খামারি।

জোড়ায় কাজ (খ) নিচের ছকে প্রদত্ত কাজগুলো কোন পেশাজীবীর সাথে যুক্ত তা লিখি— ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮৮

কাজের নাম	পেশাজীবীর নাম
পুকুরে ও নদীতে মাছ ধরা	জেলে
জমিতে সার দেওয়া	
ডিম উৎপাদন করা	
ধান, পাট, সবজি ইত্যাদি উৎপাদন করা	
পুকুরে মাছের খাবার দেওয়া	
খামারে মুরগি পালন করা	

উত্তর :

কাজের নাম	পেশাজীবীর নাম
পুকুরে ও নদীতে মাছ ধরা	জেলে
জমিতে সার দেওয়া	কৃষক
ডিম উৎপাদন করা	খামারি
ধান, পাট, সবজি ইত্যাদি উৎপাদন করা	কৃষক
পুকুরে মাছের খাবার দেওয়া	খামারি/জেলে
খামারে মুরগি পালন করা	খামারি

দলগত কাজ (গ) নিচের চার্টে দাগ টেনে বিভিন্ন পেশাজীবীর নাম, তাঁদের কাজ ও উৎপাদিত পণ্যের নাম মিল করি— ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮৮

পাঠ্যবইয়ের ছক :



উত্তর :

পাঠ ২ যাঁরা তৈরি করেন

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮৯

দলগত কাজ (ক) ছবিগুলো পর্যবেক্ষণ করে নিচের প্রশ্নগুলোর উত্তর খুঁজে বের করি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮৯

১নং ছবি

২নং ছবি

৩নং ছবি

৪নং ছবি

প্রশ্ন	১নং ছবি	২নং ছবি	৩নং ছবি	৪নং ছবি
ছবির লোকগুলো কী করছেন?				
তাঁদের কী বলা হয়?				

উত্তর :

প্রশ্ন	১নং ছবি	২নং ছবি	৩নং ছবি	৪নং ছবি
ছবির লোকগুলো কী করছেন?	মাটির তৈজসপত্র তৈরি করছেন	তাঁতে কাপড় বুনছেন	কাপড় সেলাই করছেন	কাঠ দিয়ে আসবাবপত্র তৈরি করছেন
তাঁদের কী বলা হয়?	কুমার	তাঁতি	দর্জি	কাঠমিস্ত্রি

জোড়ায় কাজ (খ) নিচের ছকে প্রদত্ত কাজগুলো কোন পেশাজীবীর সাথে যুক্ত তা লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৯১

পাঠ্যবইয়ের ছক :

কাজের নাম	পেশাজীবীর নাম
কাপড় সেলাই করা	দর্জি
মাটি দিয়ে খেলনা তৈরি করা	
কাঠ দিয়ে চেয়ার, টেবিল ইত্যাদি তৈরি করা	
সুতা দিয়ে শাড়ি, লুঙ্গি, গামছা ইত্যাদি তৈরি করা	
মাটি দিয়ে ফুলদানি তৈরি করা	
কাঠ খোদাই করে নকশা করা	

উত্তর :

কাজের নাম	পেশাজীবীর নাম
কাপড় সেলাই করা	দর্জি
মাটি দিয়ে খেলনা তৈরি করা	কুমার
কাঠ দিয়ে চেয়ার, টেবিল ইত্যাদি তৈরি করা	কাঠমিস্ত্রি
সুতা দিয়ে শাড়ি, লুঙ্গি, গামছা ইত্যাদি তৈরি করা	তাঁতি
মাটি দিয়ে ফুলদানি তৈরি করা	কুমার
কাঠ খোদাই করে নকশা করা	কাঠমিস্ত্রি

দলগত কাজ (গ) নিচের চার্টে দাগ টেনে বিভিন্ন পেশাজীবীর নাম, তাঁদের কাজ ও উৎপাদিত পণ্যের নাম মিল করি–

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৯১

তাঁতি	শার্ট, প্যান্ট, ফ্রক ইত্যাদি তৈরি	আসবাবপত্র
কুমোর	দা, বঁটি, ছুরি ইত্যাদি তৈরি	পোশাক
কামার	চেয়ার, টেবিল, খাট ইত্যাদি তৈরি	কাপড়
দর্জি	শাড়ি, লুঙ্গি, গামছা ইত্যাদি তৈরি	গৃহস্থালির সামগ্রী
কাঠমিস্ত্রি	হাঁড়ি, পাতিল, টব তৈরি	

উত্তর :

তাঁতি	শার্ট, প্যান্ট, ফ্রক ইত্যাদি তৈরি	আসবাবপত্র
কুমোর	দা, বঁটি, ছুরি ইত্যাদি তৈরি	পোশাক
কামার	চেয়ার, টেবিল, খাট ইত্যাদি তৈরি	কাপড়
দর্জি	শাড়ি, লুঙ্গি, গামছা ইত্যাদি তৈরি	গৃহস্থালির সামগ্রী
কাঠমিস্ত্রি	হাঁড়ি, পাতিল, টব তৈরি	

পাঠ ৩ যাঁরা সেবা দেন

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৯২

দলগত কাজ (ক) ছবিগুলো পর্যবেক্ষণ করে নিচের প্রশ্নগুলোর উত্তর খুঁজে বের করি–

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৯২



১নং ছবি

২নং ছবি

৩নং ছবি

৪নং ছবি

প্রশ্ন	১নং ছবি	২নং ছবি	৩নং ছবি	৪নং ছবি
ছবির লোকগুলো কী করছেন?				
তাঁদের কী বলা হয়?				

উত্তর :

প্রশ্ন	১নং ছবি	২নং ছবি	৩নং ছবি	৪নং ছবি
ছবির লোকগুলো কী করছেন?	শ্রেণিকক্ষে শিক্ষক পাঠদান করছেন।	একজন ডাক্তার ও একজন নার্স রোগীকে সেবা দিচ্ছেন।	একজন মুদি দোকানদার সদাই বিক্রি করছেন।	একজন ড্রাইভার ও রিকশাওয়ালা যাত্রী পরিবহণ করছেন।
তাঁদের কী বলা হয়?	শিক্ষক	ডাক্তার, নার্স	মুদি দোকানদার	ড্রাইভার, রিকশাওয়ালা

জোড়ায় কাজ (খ) নিচের ছকের কাজগুলো কোন পেশাজীবীর সাথে যুক্ত তা লিখি— ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৯৪

পাঠ্যবইয়ের ছক :

কাজের নাম	পেশাজীবীর নাম
শ্রেণিকক্ষে পাঠদান	শিক্ষক
মুদি দোকানে পণ্য বিক্রয় করা	
যাত্রী পরিবহণ করা	
চিকিৎসা করা	
যাতায়াতে সহায়তা করা	
চিকিৎসকের কাজে সহায়তা করা	

উত্তর :

কাজের নাম	পেশাজীবীর নাম
শ্রেণিকক্ষে পাঠদান	শিক্ষক
মুদি দোকানে পণ্য বিক্রয় করা	দোকানদার
যাত্রী পরিবহণ করা	চালক
চিকিৎসা করা	ডাক্তার
যাতায়াতে সহায়তা করা	চালক
চিকিৎসকের কাজে সহায়তা করা	নার্স

দলগত কাজ (গ) নিচের চার্টে দাগ টেনে বিভিন্ন পেশাজীবীর নাম, কাজ ও সেবার নাম মিল করি— ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৯৪



উত্তর :

দলগত কাজ (ঘ) দলে বিভিন্ন পেশাজীবীর ভূমিকায় অভিনয় করি ও অভিনয় দেখে পেশাজীবী চিহ্নিত করি— ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৯৪

উত্তর : শিক্ষকের সার্বিক তত্ত্বাবধানে কাজটি পেশাজীবীর ভূমিকায় অভিনয় করে দেখাবে। কীভাবে অভিনয় করবে তার একটা নমুনা এই বইয়ের ১১৯ পৃষ্ঠায় দেওয়া আছে।

শিক্ষক সহায়িকা অনুসরণে অতিরিক্ত অ্যাক্টিভিটি — আরও শিখে নিই

পাঠ ১ যাঁরা উৎপাদন করেন

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

একক কাজ ছবিগুলো দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।

- এটি কীসের ছবি?
- তারা কী করছেন?
- তাদের পেশার নাম কী?

নমুনা উত্তর

- **এটি কীসের ছবি?**
  উত্তর : এটি মাছ ধরার ছবি।
- **তারা কী করছেন?**
  উত্তর : তারা নদীতে মাছ ধরছেন।
- **তাদের পেশার নাম কী?**
  উত্তর : তাদের পেশার নাম জেলে।

- এটি কীসের ছবি?
- তারা কী করছেন?
- তাদের পেশার নাম কী?

নমুনা উত্তর

- **এটি কীসের ছবি?**
  উত্তর : এটি কৃষি কাজের ছবি।
- **তারা কী করছেন?**
  উত্তর : তারা মাঠে ধান কাটছেন।
- **তাদের পেশার নাম কী?**
  উত্তর : তাদের পেশার নাম কৃষক।



- এটি কীসের ছবি?
- তিনি কী করছেন?
- তার পেশার নাম কী?

নমুনা উত্তর

- **এটি কীসের ছবি?**
  উত্তর : এটি মুরগির খামারের ছবি।
- **তিনি কী করছেন?**
  উত্তর : তিনি খামারে মুরগির খাবার দিচ্ছেন।
- **তার পেশার নাম কী?**
  উত্তর : তার পেশার নাম খামারি।

পাঠ ২ যাঁরা তৈরি করেন

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

একক কাজ ছবিগুলো দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।

- এটি কীসের ছবি?
- ছবির ব্যক্তি কী করছেন?
- তার পেশার নাম কী?

নমুনা উত্তর

- **এটি কীসের ছবি?**
  উত্তর : এটি একটি হস্তশিল্প কারখানার ছবি।
- **ছবির ব্যক্তি কী করছেন?**
  উত্তর : ছবির ব্যক্তি মাটির হাড়ি-পাতিল তৈরি করছেন এবং এগুলো রং করছেন।
- **তার পেশার নাম কী?**
  উত্তর : তার পেশার নাম কুমার।



- এটি কীসের ছবি?
- ছবির ব্যক্তি কী করছেন?
- তার পেশার নাম কী?

নমুনা উত্তর

- **এটি কীসের ছবি?**
  উত্তর : এটি সেলাই মেশিনে কাজ করার ছবি।
- **ছবির ব্যক্তি কী করছেন?**
  উত্তর : ছবির ব্যক্তি সেলাই মেশিন দিয়ে কাপড় সেলাই করছেন।
- **তার পেশার নাম কী?**
  উত্তর : তার পেশার নাম দর্জি।

- এটি কীসের ছবি?
- ছবির ব্যক্তি কী করছেন?
- তার পেশার নাম কী?

নমুনা উত্তর

- **এটি কীসের ছবি?**
  উত্তর : এটি একটি তাঁত কারখানার ছবি।
- **ছবির ব্যক্তি কী করছেন?**
  উত্তর : ছবির ব্যক্তি কারখানার তাঁতে কাপড় বুনছেন।
- **তার পেশার নাম কী?**
  উত্তর : তার পেশার নাম তাঁতি।

- এটি কীসের ছবি?
- ছবির ব্যক্তি কী করছেন?
- তার পেশার নাম কী?

নমুনা উত্তর

- **এটি কীসের ছবি?**
  উত্তর : এটি কাঠের আসবাবপত্র তৈরির ছবি।
- **ছবির ব্যক্তি কী করছেন?**
  উত্তর : ছবির ব্যক্তি কাঠ দিয়ে আসবাবপত্র তৈরি করছেন।
- **তার পেশার নাম কী?**
  উত্তর : তার পেশার নাম কাঠমিস্ত্রি।

পাঠ ৩ যাঁরা সেবা দেন

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

একক কাজ ছবিগুলো দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।



- এটি কীসের ছবি?
- তিনি কী সেবা দেন?
- তার পেশার নাম কী?

নমুনা উত্তর

- **এটি কীসের ছবি?**
  উত্তর : এটি শ্রেণিকক্ষে শিক্ষকের পড়ানোর ছবি।
- **তিনি কী সেবা দেন?**
  উত্তর : তিনি ছাত্রছাত্রীদের শিক্ষাদানের মাধ্যমে সেবা দান করে থাকেন।
- **তার পেশার নাম কী?**
  উত্তর : তার পেশার নাম শিক্ষক।



- এটি কীসের ছবি?
- তিনি কী সেবা দেন?
- তার পেশার নাম কী?

নমুনা উত্তর

- **এটি কীসের ছবি?**
  উত্তর : এটি ডাক্তারের রোগী দেখার ছবি।
- **তিনি কী সেবা দেন?**
  উত্তর : তিনি রোগীদের রোগ নির্ণয় করেন এব স্বাস্থ্যসেবা দান করেন।
- **তার পেশার নাম কী?**
  উত্তর : তার পেশার নাম ডাক্তার।

- এটি কীসের ছবি?
- তিনি কী সেবা দেন?
- তার পেশার নাম কী?

নমুনা উত্তর

- **এটি কীসের ছবি?**
  উত্তর : এটি একজন নার্সের রোগীর সেবা দানের ছবি।
- **তিনি কী সেবা দেন?**
  উত্তর : তিনি অসুস্থ রোগীদের সেবা-যত্ন করার মাধ্যমে সেবা দান করে থাকেন।
- **তার পেশার নাম কী?**
  উত্তর : তার পেশার নাম নার্স।

- এটি কীসের ছবি?
- তিনি কী সেবা দেন?
- তার পেশার নাম কী?

নমুনা উত্তর

- **এটি কীসের ছবি?**
  উত্তর : এটি একটি দোকানের কেনাবেচার ছবি।
- **তিনি কী সেবা দেন?**
  উত্তর : তিনি মানুষের প্রয়োজনীয় পণ্যসামগ্রী সরবরাহের মাধ্যমে সেবা দান করেন।
- **তার পেশার নাম কী?**
  উত্তর : তার পেশার নাম দোকানদার।



- এটি কীসের ছবি?
- তিনি কী সেবা দেন?
- তার পেশার নাম কী?

নমুনা উত্তর

- **এটি কীসের ছবি?**
  উত্তর : এটি রাস্তায় চলাচলরত একটি রিকশার ছবি।
- **তিনি কী সেবা দেন?**
  উত্তর : তিনি লোকজনকে এক স্থান থেকে অন্য স্থানে আনা-নেওয়া করেন।
- **তার পেশার নাম কী?**
  উত্তর : তার পেশার নাম রিকশাচালক।

দলগত কাজ দলে বিভিন্ন পেশাজীবীর ভূমিকাভিনয় করি ও অভিনয় দেখে পেশাজীবী চিহ্নিত করি।

যা করতে হবে :

- শিক্ষকের দেওয়া নির্দেশনা অনুযায়ী বাছাইকৃত কয়েকজন কৃষক, জেলে, দর্জি, কাঠমিস্ত্রি, ডাক্তার ও শিক্ষকের ভূমিকাভিনয় করবে।
- বাকি শিক্ষার্থীরা অভিনয় দেখে প্রশ্নগুলোর উত্তর দিবে।
- তোমরা প্রতিটি দলে দুইজন করে থাকবে। দলের অভিনয়ে কী কী বলতে হবে তার নমুনা নিচে দেওয়া হলো।

১নং দল

পাশে দেওয়া কথোপকথনগুলো তোমরা অভিনয়ের মাধ্যমে করে দেখাবে।

অভিনয়টি দেখার পর অন্য শিক্ষার্থীরা নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

- ১নং দল কীসের অভিনয় করেছে?
- তারা কী উৎপাদন করে থাকেন?
- তারা উৎপাদন না করলে কী হতো?

নমুনা উত্তর

- **১নং দল কীসের অভিনয় করেছে?**
  উত্তর : ১নং দল কৃষকের অভিনয় করেছে।
- **তারা কী উৎপাদন করে থাকেন?**
  উত্তর : তারা ধান, পাট, আখ, আলু, টমেটো, ইত্যাদি উৎপাদন করে থাকেন।
- **তারা উৎপাদন না করলে কী হতো?**
  উত্তর : তারা উৎপাদন না করলে দেশের মানুষ ধান, পাট, আখ, আলু, টমেটো ইত্যাদি কৃষিজাত পণ্য পেত না। ফলে আমাদের খাদ্য সংকট দেখা দিত। কোনো কোনো ক্ষেত্রে আমরা এসব কৃষিজাত পণ্য খেতে বা ভোগ করতে পারতাম না।

২নং দল

পাশে দেওয়া কথোপকথনগুলো তোমরা অভিনয়ের মাধ্যমে করে দেখাবে।

অভিনয়টি দেখার পর অন্য শিক্ষার্থীরা নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

- ২নং দল কীসের অভিনয় করেছে?
- তারা কী চাষ করে থাকেন?
- তারা চাষ না করলে কী হতো?

নমুনা উত্তর

- **২নং দল কীসের অভিনয় করেছে?**
  উত্তর : ২নং দল জেলের অভিনয় করেছে।
- **তারা কী চাষ করে থাকেন?**
  উত্তর : তারা মাছ চাষ বা উৎপাদন করে থাকেন।
- **তারা চাষ না করলে কী হতো?**
  উত্তর : তারা মাছ চাষ না করলে আমরা মাছ খেতে পেতাম না। ফলে আমাদের আমিষের ঘাটতি থেকে যেত।

৩নং দল

পাশে দেওয়া কথোপকথনগুলো তোমরা অভিনয়ের মাধ্যমে করে দেখাবে।

অভিনয়টি দেখার পর অন্য শিক্ষার্থীরা নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

- ৩নং দল কীসের অভিনয় করেছে?
- তিনি কী তৈরি করে থাকেন?
- তারা তৈরি না করলে কী হতো?

নমুনা উত্তর

- **৩নং দল কীসের অভিনয় করেছে?**
  উত্তর : ৩নং দল দর্জির অভিনয় করেছে।

- **তিনি কী তৈরি করে থাকেন?**
  উত্তর : তিনি কাপড় দিয়ে শার্ট, প্যান্ট, সালোয়ার-কামিজ, ফ্রক-স্কার্ট ইত্যাদি তৈরি করে থাকেন। ছেলেমেয়ে, ছোটো-বড়ো সকলের জন্যই পোশাক বানান।
- **তারা তৈরি না করলে কী হতো?**
  উত্তর : তারা সেলাই বা তৈরি না করলে আমরা সুন্দর সুন্দর জামা-কাপড় পরিধান করতে পারতাম না।

৪নং দল

পাশে দেওয়া কথোপকথনগুলো তোমরা অভিনয়ের মাধ্যমে করে দেখাবে।

আমি কাঠ দিয়ে আলমারি, চেয়ার, টেবিল, খাট, ঘর ইত্যাদি তৈরি করি।

মানুষের প্রয়োজনে আমি নানারকম আসবাবপত্র তৈরি করি। আমার তৈরি জীবনকে সুন্দর করে এবং মানুষকে নিরাপত্তা দেয়।

অভিনয়টি দেখার পর অন্য শিক্ষার্থীরা নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

- ৪নং দল কীসের অভিনয় করেছে?
- তারা কী তৈরি করে থাকেন?
- তারা আসবাবপত্র তৈরি না করলে কী হতো?

নমুনা উত্তর

- **৪নং দল কীসের অভিনয় করেছে?**
  উত্তর : ৪নং দল কাঠমিস্ত্রির অভিনয় করেছে।
- **তারা কী তৈরি করে থাকেন?**
  উত্তর : তারা কাঠ দিয়ে আলমারি, চেয়ার, টেবিল, খাট, ঘর ইত্যাদি উৎপাদন করে থাকেন।
- **তারা আসবাবপত্র তৈরি না করলে কী হতো?**
  উত্তর : তারা আসবাবপত্র তৈরি না করলে আমাদের আসবাবপত্রের সংকট হতো। আমরা স্বাচ্ছন্দ্যে বসবাস করতে পারতাম না।

৫নং দল

পাশে দেওয়া কথোপকথনগুলো তোমরা অভিনয়ের মাধ্যমে করে দেখাবে।

আমি অসুস্থ রোগীদের রোগ নির্ণয় করি। প্রয়োজনীয় ঔষধ সেবন ও পথ্য গ্রহণের পরামর্শ দিই।



অভিনয়টি দেখার পর অন্য শিক্ষার্থীরা নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

- ৫নং দল কীসের অভিনয় করেছে?
- তারা কী করে থাকেন?
- তারা তাদের কাজ না করলে কী হতো?

নমুনা উত্তর

- **৫নং দল কীসের অভিনয় করেছে?**
  উত্তর : ৫নং দল ডাক্তারের অভিনয় করেছে।
- **তারা কী করে থাকেন?**
  উত্তর : ডাক্তাররা রোগীর সেবা করেন। তাদের চিকিৎসার ব্যবস্থাপত্র দিয়ে থাকেন।
- **তারা তাদের কাজ না করলে কী হতো?**
  উত্তর : তারা তাদের কাজ না করলে অসুস্থ হয়ে আমরা অনেক কষ্ট পেতাম কিংবা কোনো কোনো ক্ষেত্রে আমাদের মৃত্যুও হতে পারত।

৬নং দল

পাশে দেওয়া কথোপকথনগুলো তোমরা অভিনয়ের মাধ্যমে করে দেখাবে।



আমি শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থীদের শিক্ষা দিয়ে থাকি। আমি পড়ালেখার পাশাপাশি সহপাঠক্রমিক কার্যাবলির মাধ্যমে শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভা বিকাশেও সাহায্য করি।

অভিনয়টি দেখার পর অন্য শিক্ষার্থীরা নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

- ৬নং দল কীসের অভিনয় করেছে?
- তারা কী করে থাকেন?
- তারা এ কাজ না করলে কী হতো?

নমুনা উত্তর

- **৬নং দল কীসের অভিনয় করেছে?**

  উত্তর : ৬নং দল শিক্ষকের অভিনয় করেছে।
- **তারা কী করে থাকেন?**

  উত্তর : তারা আমাদের শিক্ষা দিয়ে থাকেন এবং সুনাগরিক হিসেবে গড়ে তোলেন।
- **তারা এ কাজ না করলে কী হতো?**

  উত্তর : তারা এ কাজ না করলে সমাজ ও দেশের বড় ক্ষতি হয়ে যেত। আমরা অশিক্ষিত থেকে যেতাম। আমাদের জীবন অন্ধকারে নিমজ্জিত হতো।

মূল্যায়ন নির্দেশনা অনুসরণে অতিরিক্ত অ্যাক্টিভিটি — আরও শিখে নিই

একক কাজ শিক্ষার্থীরা প্রত্যেকে নিজের এলাকার চারপাশে যে সকল পেশাজীবী রয়েছে তাঁদেরকে ভালোভাবে পর্যবেক্ষণ করবে এবং পেশাজীবীরা কী কী উপকরণ ব্যবহার করে থাকেন-তা লিখবে।

উত্তর : পেশাজীবীরা যেসব উপকরণ ব্যবহার করে থাকেন তা হলো—

কুমোর : কুমোর কাদামাটি ব্যবহার করেন।

তাঁতি : তাঁতি সুতি, রেশম ও পশমের সুতা ব্যবহার করেন।

দর্জি : সেলাই মেশিন ব্যবহার করেন।

রাজমিস্ত্রি : ইট, সিমেন্ট, বালু ও রড ব্যবহার করেন।

জোড়ায় কাজ নিচে একজন পেশাজীবীকে নিয়ে একটি চার্ট আঁকা হলো। চার্টটি খাতায় আঁকবে এবং পেশাজীবীর নাম, তিনি কোন কোন উপকরণ ব্যবহার করেন এবং কী তৈরি করেন। কাজটি জোড়ায় করবে।



উত্তর :



পেশাজীবীর নাম : রাজমিস্ত্রি।

উপকরণ : ইট, সিমেন্ট, বালু, রড।

তৈরি করেন : ঘরবাড়ি।

দলগত কাজ শিক্ষার্থীরা বিভিন্ন দলে বিভক্ত হয়ে পেশাজীবীরা কীভাবে আমাদের সাহায্য করেন তার ওপর একটি প্রতিবেদন তৈরি করে শিক্ষককে দেখাবে।

সমাধান : কাজের উদ্দেশ্য : পেশাজীবীরা কীভাবে আমাদের সাহায্য করেন সে সম্পর্কে জানতে পারবে।

করণীয় : বিভিন্ন পেশাজীবী কীভাবে আমাদের সাহায্য করেন সে সম্পর্কে একটি প্রতিবেদন তৈরি করবে। তোমাদের বোঝার সুবিধার্থে একটি নমুনা প্রতিবেদন করে দেওয়া হলো—

নমুনা প্রতিবেদন : দলের নাম– জবা।

পেশাজীবীরা যেভাবে আমাদের সাহায্য করেন তা হলো–

চালক : চালক রিকশা, ট্যাক্সি, ভ্যান, বাস, ট্রাক ও ট্রেনে করে আমাদেরকে এবং আমাদের পণ্য আনা-নেওয়ায় সাহায্য করেন।

ডাক্তার : অসুখ হলে ডাক্তার আমাদের চিকিৎসা সেবা দেন।

নার্স : হাসপাতালে ভর্তি হলে নার্স রোগীর সেবা করেন।

শিক্ষক : শিক্ষক-শিক্ষার্থীদের স্কুলে পড়ালেখা শেখান।

কৃষক : আমাদের জন্য খাদ্য উৎপাদন করেন।

দর্জি : আমাদের জন্য কাপড় সেলাই করেন।

ছুতার : কাঠ দিয়ে আসবাবপত্র তৈরি করেন।

মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

ক নিচের বাক্যগুলো শুনে সত্য/মিথ্যা নির্ণয় কর।

১। কৃষক নানা জিনিস উৎপাদন করেন।
২। ডিম উৎপাদন করেন জেলে।
৩। পুকুর ও নদীতে মাছ ধরেন জেলে।
৪। মাটির জিনিসপত্র তৈরি করেন দর্জি।
৫। কাপড় সেলাই করেন কুমার।
৬। দা, বঁটি, ছুরি ইত্যাদি তৈরি করেন কামার।
৭। শ্রেণিকক্ষে পাঠদান করেন ডাক্তার।
৮। চিকিৎসার কাজে সহায়তা করেন নার্স।
৯। দোকানদার পণ্য বিক্রি করেন।
১০। যাতায়াতে সহায়তা করেন কৃষক।

উত্তরমালা : ১। সত্য; ২। মিথ্যা; ৩। সত্য; ৪। মিথ্যা; ৫। মিথ্যা; ৬। সত্য; ৭। মিথ্যা; ৮। সত্য; ৯। সত্য; ১০। মিথ্যা।

খ নিচের অসম্পূর্ণ বাক্যগুলো শুনে শূন্যস্থানের জন্য সঠিক শব্দটি নির্ণয় কর।

১। কৃষক, জেলে ও খামারি সকলেই কৃষি পেশার ভিন্ন ভিন্ন —।
উত্তর : পেশাজীবী।

২। কৃষকের উৎপাদিত মুরগি থেকে আমরা — ও — পাই।
উত্তর : ডিম, মাংস।

৩। কৃষকের উৎপাদিত মাছ মানুষ — হিসেবে ব্যবহার করে।
উত্তর : খাদ্য।

৪। মানুষের খুব প্রয়োজনীয় জিনিস হলো —।
উত্তর : কাপড়।

৫। আমাদের দেশে মাটির তৈরি পণ্য সবচেয়ে বেশি ব্যবহার করে —।
উত্তর : গ্রামের মানুষ।

৬। শিক্ষক, ডাক্তার, নার্স, গৃহকর্মী ও চালকরা মানুষকে সেবাদানের মাধ্যমে — করেন।
উত্তর : অর্থ উপার্জন।

সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

ক নিচের প্রশ্নগুলোর উত্তর বলো।

প্রশ্ন ১। কৃষকের উৎপাদিত মাছ আমরা কী হিসেবে ব্যবহার করি?
উত্তর : কৃষকের উৎপাদিত মাছ আমরা খাদ্য হিসেবে ব্যবহার করি।

প্রশ্ন ২। কৃষকের উৎপাদিত মুরগি থেকে আমরা কী পাই?
উত্তর : কৃষকের উৎপাদিত মুরগি থেকে আমরা ডিম এবং মাংস পাই।

প্রশ্ন ৩। কাঠমিস্ত্রি কাঠ দিয়ে কী তৈরি করেন?
উত্তর : কাঠমিস্ত্রি কাঠ দিয়ে আলমারি, চেয়ার, টেবিল, খাট ইত্যাদি তৈরি করেন।

প্রশ্ন ৪। তাঁতি কী তৈরি করে থাকেন?
উত্তর : তাঁতি বিভিন্ন রং দিয়ে সুতা রং করে সেই সুতা দিয়ে তাঁতে কাপড় বুনে নানা রকমের শাড়ি, লুঙ্গি, গামছা তৈরি করে থাকেন।

প্রশ্ন ৫। দর্জি কাপড় দিয়ে কী তৈরি করে থাকেন?
উত্তর : দর্জি কাপড় দিয়ে শার্ট, প্যান্ট, সালোয়ার-কামিজ, ফ্রক-স্কার্ট ইত্যাদি তৈরি করে থাকেন।

প্রশ্ন ৬। কামার মাটি দিয়ে কী তৈরি করে থাকেন?
উত্তর : কামার মাটি দিয়ে কলস, হাঁড়ি, পাতিল, সানকি, ফুলের টব, ফুলদানি, খেলনা ইত্যাদি তৈরি করে থাকেন।

প্রশ্ন ৭। একজন শিক্ষক কী কাজ করে থাকেন?
উত্তর : একজন শিক্ষক শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থীদের শিক্ষা দিয়ে থাকেন।

প্রশ্ন ৮। কে শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভা বিকাশে সাহায্য করেন?
উত্তর : একজন শিক্ষক শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভা বিকাশে সাহায্য করেন।

প্রশ্ন ৯। একজন ডাক্তার কী কাজ করে থাকেন?
উত্তর : একজন ডাক্তার অসুস্থ রোগীদের রোগ নির্ণয় করে প্রয়োজনীয় ঔষধ সেবন ও পথ্য গ্রহণের পরামর্শ দিয়ে থাকেন।

প্রশ্ন ১০। একজন নার্সের কাজ কী?
উত্তর : একজন নার্স রোগীদের দেখাশোনা করেন, সময়মতো ঔষধ ও পথ্য ইত্যাদি খাওয়ান এবং ডাক্তারদের সাথে সহযোগিতা করে থাকেন।

প্রশ্ন ১১। একজন চালকের কাজ কী?
উত্তর : একজন চালক মানুষকে এক জায়গা থেকে অন্য জায়গায় যেতে সাহায্য করেন এবং মালামালও পরিবহণ করে থাকেন।

পড়া নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

ক নিচের প্রশ্নগুলো মনোযোগ সহকারে পড় এবং সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ।

১. যাঁরা ক্ষেতে-খামারে ফসল ফলান তাঁদের কী বলে?
ক জেলে খ কামার
গ কৃষক ঘ ডাক্তার
উত্তর : (গ) কৃষক।

২. যাঁরা নদীতে মাছ ধরেন তাঁদেরকে কী বলা হয়?
ক জেলে খ কৃষক
গ শিক্ষক ঘ মাঝি
উত্তর : (ক) জেলে।

৩. যাঁরা কাঠ দিয়ে চেয়ার, টেবিল, আলমারি তৈরি করেন তাঁদেরকে কী বলা হয়?
ক কাঠমিস্ত্রি খ দর্জি
গ কুমোর ঘ কামার
উত্তর : (ক) কাঠমিস্ত্রি।

৪. যাঁরা মাটির হাঁড়ি, পাতিল, সানকি, ফুলদানি, খেলনা ইত্যাদি তৈরি করেন তাঁদেরকে কী বলা হয়?
ক কামার খ কুমোর
গ তাঁতি ঘ জেলে
উত্তর : (খ) কুমোর।

৫. যাঁরা সুতা দিয়ে কাপড় তৈরি করেন তাঁদেরকে কী বলা হয়?
ক দর্জি খ তাঁতি
গ ডাক্তার ঘ ইঞ্জিনিয়ার
উত্তর : (খ) তাঁতি।

৬. যাঁরা কাপড় দিয়ে শার্ট, প্যান্ট, সালোয়ার-কামিজ ইত্যাদি তৈরি করেন তাঁদেরকে কী বলা হয়?
ক তাঁতি খ দর্জি
গ কৃষক ঘ জেলে
উত্তর : (খ) দর্জি।

৭. মাটি দিয়ে ফুলদানি তৈরি করেন কারা?
ক কামার খ কুমোর
গ জেলে ঘ তাঁতি
উত্তর : (খ) কুমোর।

৮. কাঠ খোদাই করে নকশা করেন কারা?
ক জেলে খ তাঁতি
গ কাঠমিস্ত্রি ঘ কুমোর
উত্তর : (গ) কাঠমিস্ত্রি।

৯. শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষা দেন কে?
ক ডাক্তার খ ইঞ্জিনিয়ার
গ নার্স ঘ শিক্ষক
উত্তর : (ঘ) শিক্ষক।

১০. অসুস্থ রোগীদের চিকিৎসা দেন কে?
ক ডাক্তার খ ইঞ্জিনিয়ার
গ শিক্ষক ঘ চালক
উত্তর : (ক) ডাক্তার।

১১. ডাক্তারের কাজে সহায়তা করেন কে?
ক নার্স খ গৃহকর্মী
গ শিক্ষক ঘ ইঞ্জিনিয়ার
উত্তর : (ক) নার্স।

১২. অন্যের পরিবারে ঘর পরিষ্কার-পরিচ্ছন্ন, রান্না করা, শিশুদের যত্ন নেওয়া ইত্যাদি কাজ করেন কে?
ক নার্স খ গৃহকর্মী
গ ডাক্তার ঘ চালক
উত্তর : (খ) গৃহকর্মী।

১৩. দমকল কর্মীর কাজ কী?
ক চিকিৎসা দেওয়া খ মালামাল পরিবহণ করা
গ ডাক্তারকে সাহায্য করা ঘ আগুন নিভানো
উত্তর : (ঘ) আগুন নিভানো।

১৪. আইনজীবীদের কাজ কী?
ক চিকিৎসা দেওয়া খ পোশাক তৈরি
গ শিক্ষা দেওয়া ঘ আইনি পরামর্শ দেওয়া
উত্তর : (ঘ) আইনি পরামর্শ দেওয়া।

খ নিচের প্রশ্নগুলো পড়ে সংক্ষেপে উত্তর দাও।

প্রশ্ন ১। মানুষ কীভাবে উৎপাদনের মাধ্যমে অর্থ আয় করেন?
উত্তর : মানুষ বিভিন্ন পণ্য উৎপাদন করে বাজারে বিক্রি করে অর্থ উপার্জন করেন। কৃষক ধান, পাট, বেগুন, গম, গাজরসহ নানারকম ফসল চাষ করেন এবং এগুলো বাজারে বিক্রি করে অর্থ উপার্জন করেন। জেলে খাল-বিল, হাওড়-বাঁওড়, নদী ও সাগরে জাল দিয়ে মাছ ধরেন। জেলে এসব মাছ বাজারে বিক্রি করে অর্থ উপার্জন করেন।

প্রশ্ন ২। যাঁরা তৈরি করেন তাঁদের পেশার কয়েকটি উদাহরণ দাও।
উত্তর : যাঁরা তৈরি করেন তাঁদের পেশার উদাহরণ হলো– কুমার কাদামাটি দিয়ে হাঁড়ি, পাতিল, কলস তৈরি করেন। তাঁতি সুতি, রেশম ও পশমের সুতা দিয়ে কাপড় তৈরি করেন। কামার দা, বঁটি, ছুরি, নিড়ানি তৈরি করেন। দর্জি কাপড় দিয়ে নানা রকম পোশাক তৈরি করেন।

প্রশ্ন ৩। তুমি ভবিষ্যতে কোন পেশায় কাজ করতে চাও?
উত্তর : আমি ভবিষ্যতে ডাক্তারি পেশায় কাজ করতে চাই। কারণ আমাদের দেশে জনসংখ্যার তুলনায় ডাক্তারদের সংখ্যা কম। এখনও এমন প্রত্যন্ত অঞ্চল রয়েছে যেখানে মানুষজন নিয়মিত চিকিৎসাসেবা পাচ্ছে না। বিভিন্ন রোগে কষ্ট পাচ্ছে। আমি তাঁদের কষ্ট দূর করতে চাই।

প্রশ্ন ৪। ডাক্তার ও নার্স কীভাবে মানুষকে সাহায্য করেন?
উত্তর : ডাক্তার অসুস্থ মানুষকে চিকিৎসাসেবা প্রদান করেন। অসুস্থ ব্যক্তিদের হাসপাতালে ভর্তি হতে হয়। নার্স হাসপাতালে রোগীদের সেবা করেন। তাঁরা রোগীদের ওষুধ ও পথ্য খাওয়ান। নার্স ডাক্তারের কাজে সাহায্য করেন। এভাবে রোগ নির্ণয়, ওষুধ ও সেবার মাধ্যমে ডাক্তার ও নার্স মানুষকে সাহায্য করে থাকেন।

লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

ক বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল করে লেখ।

প্রশ্ন ১। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল কর :

বাম পাশ	ডান পাশ
(ক) পুকুরে ও নদীতে মাছ ধরেন	খামারি।
(খ) জমিতে সার দেন	কুমোর।
(গ) হাঁস-মুরগি ও গবাদি পশু পালন করেন	ছুতার।
(ঘ) কাপড় সেলাই করেন	জেলে।
(ঙ) মাটি দিয়ে কলস, হাঁড়ি-পাতিল ও খেলনা তৈরি করেন	দর্জি।
	কৃষক।
	কাঠমিস্ত্রি।

উত্তরমালা :

(ক) পুকুরে ও নদীতে মাছ ধরেন **জেলে**।
(খ) জমিতে সার দেন **কৃষক**।
(গ) হাঁস-মুরগি ও গবাদি পশু পালন করেন **খামারি**।
(ঘ) কাপড় সেলাই করেন **দর্জি**।
(ঙ) মাটি দিয়ে কলস, হাঁড়ি-পাতিল ও খেলনা তৈরি করেন **কুমোর**।

প্রশ্ন ২। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল কর :

বাম পাশ	ডান পাশ
(ক) শিক্ষক	বিভিন্ন প্রকার জিনিস বিক্রি করেন।
(খ) ডাক্তার	যাত্রী ও মালামাল পরিবহণ করেন।
(গ) দোকানদার	আইনি পরামর্শ দেন।
(ঘ) রিকশাচালক	শ্রেণিকক্ষে পাঠদান করেন।
(ঙ) কৃষক	আগুন নিভানোর কাজ করেন।
	ফসল উৎপাদন করেন।
	রোগীকে সেবা প্রদান করেন।

উত্তরমালা :

(ক) শিক্ষক **শ্রেণিকক্ষে পাঠদান করেন**।
(খ) ডাক্তার **রোগীকে সেবা প্রদান করেন**।
(গ) দোকানদার **বিভিন্ন প্রকার জিনিস বিক্রি করেন**।
(ঘ) রিকশাচালক **যাত্রী ও মালামাল পরিবহণ করেন**।
(ঙ) কৃষক **ফসল উৎপাদন করেন**।

খ নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।

প্রশ্ন ১। কৃষক কে? কৃষকদের আমরা সম্মান করব কেন? কৃষকদের উৎপাদিত তিনটি ফসলের নাম লেখ।

উত্তর : যাঁরা কৃষিকাজ করেন তাঁরাই কৃষক। কৃষকের উৎপাদিত খাদ্য খেয়ে আমরা বেঁচে থাকি বলে আমরা তাঁদের সম্মান করব।

কৃষকদের উৎপাদিত তিনটি ফসলের নাম হলো—

১. **ধান :** ধান থেকে চাল এবং চাল থেকে ভাত তৈরি হয়।
২. **পাট :** পাটের আঁশ দিয়ে দড়ি, বস্তা ও নানা রকম পণ্য তৈরি হয়।
৩. **আখ :** আখ থেকে চিনি তৈরি হয়।

প্রশ্ন ২। তাঁতি ও দর্জিদের আমরা সম্মান করব কেন? দর্জির কাজ সম্পর্কে চারটি বাক্য লেখ।

উত্তর : তাঁতি ও দর্জিদের তৈরি বস্ত্র পরিধান করি বলে আমরা তাঁদের সম্মান করব।

দর্জির কাজ সম্পর্কে চারটি বাক্য হলো—

১. দর্জি কাপড় দিয়ে নানা রকম পোশাক তৈরি করেন।
২. দর্জির তৈরি পোশাক প্রতিদিন আমরা পরি।
৩. বিশেষ উৎসব অনুষ্ঠানে নতুন পোশাক পরে আনন্দ পাই।
৪. পোশাক আমাদের ব্যক্তিত্ব ফুটিয়ে তোলে।

প্রশ্ন ৩। পেশা কী? শিক্ষকের কাজ সম্পর্কে চারটি বাক্য লেখ।

উত্তর : মানুষ যে কাজের মাধ্যমে অর্থ উপার্জন করে তাকে পেশা বলে।

শিক্ষকের কাজ সম্পর্কে চারটি বাক্য হলো—

১. শিক্ষক বিদ্যালয়ে লেখাপড়া শেখান।
২. তিনি আমাদের আদব-কায়দা ও নিয়মনীতির শিক্ষা দেন।
৩. তিনি আমাদের আদর্শ মানুষ হতে সাহায্য করেন।
৪. তিনি খেলাধুলা, নাচ-গান, ছবি আঁকা ইত্যাদি বিষয় শিখতে সাহায্য করেন।

প্রশ্ন ৪। অসুস্থ হলে আমরা কার কাছে যাই? ডাক্তার ও নার্স কীভাবে মানুষকে সাহায্য করেন?

উত্তর : অসুস্থ হলে আমরা ডাক্তারের কাছে যাই।

ডাক্তার ও নার্স যেভাবে মানুষকে সাহায্য করেন তা হলো—

১. অসুস্থ হলে ডাক্তার চিকিৎসা করেন।
২. নার্স হাসপাতালে রোগীদের ওষুধ খাওয়ান।
৩. নার্স হাসপাতালে রোগীদের সেবা দিয়ে থাকেন।
৪. নার্স ডাক্তারের কাজে সাহায্য করেন।

প্রশ্ন ৫। তুমি ভবিষ্যতে কোন পেশা বেছে নিতে চাও? তোমার পেশা সম্পর্কে ৪টি বাক্য লেখ।

উত্তর : আমি ভবিষ্যতে 'আইনজীবী' পেশাটি বেছে নিতে চাই।

আইনজীবী পেশা সম্পর্কে ৪টি বাক্য হলো—

১. বিচার কাজে আইনজীবীরা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।
২. আইনজীবীরা জনগণকে আইনি সহায়তা করেন।
৩. আদালতে মামলা পরিচালনা করেন।
৪. বিভিন্ন তথ্য দিয়ে মানুষকে সাহায্য করেন।

প্রশ্ন ৬। রিকশাচালক কোন ধরনের শ্রমজীবী? তাঁদের আমরা সম্মান করব কেন? রিকশাসহ চার ধরনের যানবাহনের নাম উল্লেখ কর।

উত্তর : রিকশাচালক একজন পরিবহণ শ্রমিক। তিনি আমাদের যাতায়াতে সাহায্য করেন বলে আমরা তাঁদের সম্মান করব।

চারটি যানবাহনের নাম হলো—

১. রিকশা, ২. বাস,
৩. রেলগাড়ি ও ৪. ট্যাক্সি।

শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

মূল্যায়ন ক্ষেত্র	শিখনযোগ্যতা/ নির্দেশক	প্রারম্ভিক	ভালো	উত্তম
জ্ঞান	• পেশা ও পেশাজীবী সম্পর্কে ধারণা লাভ করেছে			
	• পেশাভিত্তিক কাজ সম্পর্কে ধারণা লাভ করেছে			
	• উৎপাদনমুখী কাজ ও সেবামূলক কাজ সম্পর্কে ধারণা লাভ করেছে			
দক্ষতা	• পেশা ও পেশাভিত্তিক কাজ সম্পর্কে বর্ণনা করতে পেরেছে			
	• উৎপাদনমুখী ও সেবামূলক কাজ সম্পর্কে বর্ণনা করতে পেরেছে			
দৃষ্টিভঙ্গি	• বিভিন্ন ধরনের পেশার প্রতি ইতিবাচক মনোভাব দেখিয়েছে			
	• সব ধরনের পেশাজীবী মানুষের প্রতি ইতিবাচক মনোভাব পোষণ করেছে			
মূল্যবোধ	• শ্রেণিকক্ষের নিয়ম মেনে চলেছে।			
	• অন্যের মতামত ধৈর্য্য সহকারে শুনেছে।			

ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ ধারাবাহিক মূল্যায়ন সময় : .....

শিক্ষার্থীর নাম : ..... শ্রেণি : ..... রোল নম্বর : ☐

১। নিচের ছকে প্রদত্ত কাজগুলো কোন পেশাজীবীর সাথে যুক্ত তা লিখি–

কাজের নাম	পেশাজীবীর নাম
পুকুরে ও নদীতে মাছ ধরা	জেলে
জমিতে সার দেওয়া	
ডিম উৎপাদন করা	
ধান, পাট, সবজি ইত্যাদি উৎপাদন করা	
পুকুরে মাছের খাবার দেওয়া	
খামারে মুরগি পালন করা	

২। সত্য/মিথ্যা নির্ণয় কর :

(ক) কৃষক নানা জিনিস উৎপাদন করেন।
(খ) ডিম উৎপাদন করেন জেলে।
(গ) পুকুর ও নদীতে মাছ ধরেন জেলে।
(ঘ) মাটির জিনিসপত্র তৈরি করেন দর্জি।
(ঙ) কাপড় সেলাই করেন কুমার।

৩। বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।

(ক) তাঁতি ও দর্জিদের আমরা সম্মান করব কেন? দর্জির কাজ সম্পর্কে চারটি বাক্য লেখ।
(খ) তুমি ভবিষ্যতে কোন পেশা বেছে নিতে চাও? তোমার পেশা সম্পর্কে ৪টি বাক্য লেখ।

উত্তরমালা

১। ১১৩ পৃষ্ঠার ১নং পাঠের জোড়ায় কাজ (খ) দ্রষ্টব্য।

২। (ক) সত্য; (খ) মিথ্যা; (গ) সত্য; (ঘ) মিথ্যা; (ঙ) মিথ্যা।

৩। (ক) ১২৫ পৃষ্ঠার ২নং প্রশ্নোত্তর দ্রষ্টব্য।
(খ) ১২৫ পৃষ্ঠার ৫নং প্রশ্নোত্তর দ্রষ্টব্য।

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐